

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২০

আগরতলা, ২ মে, ২০২৪

ডিমা-হাসাও জেলায় সড়ক দুর্ঘটনায় রাজ্যের যাত্রী নিহত

আহতদের সহায়তায় ঘটনাস্থলে ডিসিএম ও চিকিৎসক

আসামের ডিমা-হাসাও জেলায় মর্মান্তিক এক সড়ক দুর্ঘটনায় রাজ্যের একজন যাত্রী নিহত ও অন্য কয়েকজন আহত হয়েছেন। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই মর্মান্তিক দুর্ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি এই ঘটনাকে খুবই দুঃখজনক বলে উল্লেখ করেন এবং নিহত ব্যক্তির পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেছেন। মুখ্যমন্ত্রী এই দুর্ঘটনায় আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

এই ঘটনায় আহতদের প্রয়োজনীয় সহায়তায় রাজ্য সরকারের পক্ষ থেকে ঘটনাস্থলে ডেপুটি কালেক্টর ও ম্যাজিস্ট্রেট জিনিয়াস দেববর্মা এবং চিকিৎসক ডাঃ অরিন্দম দাসকে পাঠানো হয়েছে।
